

# ২০০৫ বিশ্ব শীর্ষ সম্মেলনের প্রাপ্তি

১৪-১৬ সেপ্টেম্বর নিউইয়র্কে জাতিসংঘ সদর দপ্তরে বিশ্ব নেতৃত্বব্দ ২০০৫ বিশ্ব শীর্ষ সম্মেলনে মিলিত হন, যা কিনা বিশ্ব নেতাদের এ যাবত কালের সর্বাপেক্ষা বৃহৎ মিলন মেলা বলে গণ্য হয়েছে।

১৯৪৫ সালে প্রতিষ্ঠিত বিশ্ব সংস্থা জাতিসংঘের ৬০তম বার্ষিকী এবং ২০০০ সালে অনুষ্ঠিত সহস্রাব্দ সম্মেলনে বিশ্ব নেতৃত্বব্দ প্রণীত সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যগুলো পর্যালোচনা করতে এ সম্মেলনের আয়োজন করা হয়।

এতে অংশগ্রহণ করেন ১৫০টি দেশের রাষ্ট্র ও সরকারপ্রধানগণ।

এ সম্মেলনের সমাপনী দিনে আন্তর্জাতিক সম্প্রদায়ের ঐক্যবদ্ধ অবস্থান গ্রহণের মধ্য দিয়ে গৃহীত হয় ঐতিহাসিক ফলাফল দলিল (outcome document)।

কিছু গুরুত্বপূর্ণ বিষয় বাদ পড়ে যাওয়া সত্ত্বেও ৪০ পৃষ্ঠার এ ফলাফল দলিলকে মহাসচিব কফি আনান এক যুগান্তকারী অর্জন বলে আখ্যায়িত করেছেন।

গত মার্চে মহাসচিব কর্তৃক উপস্থাপিত 'বৃহত্তর মুক্তি' (In Larger Freedom) শীর্ষক এক দূরদৃষ্টিসম্পন্ন প্রতিবেদনের ভিত্তিতে এ সম্মেলনে দীর্ঘ আলোচনা ও বিতর্কের পর এ দলিল গৃহীত হয়।

এতে দারিদ্র্য বিমোচনে সুনির্দিষ্ট পদক্ষেপ গ্রহণ ও অর্থনৈতিক উন্নয়ন ছাড়াও সকল ধরনের সন্ত্রাসের বিরুদ্ধে দ্ব্যর্থহীন ভাষায় নিন্দা জ্ঞাপন করা হয় এবং গণহত্যা ও মানবতার বিরুদ্ধে অন্যান্য অপরাধ প্রতিরোধে সমষ্টিগত দায়িত্বের কথাও স্বীকার করে নেয়া হয়।

